

প্রাথমিক বিদ্যালয়েও অনলাইনে ক্লাসের পরিকল্পনা

অনলাইন ডেস্ক



সারা দেশের মহানগর এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয়েও অনলাইন ও সশরীরে ক্লাস চালুর বিষয়ে পরিকল্পনা করেছে সরকার। গতকাল বুধবার (১ এপ্রিল) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষক নেতাদের সঙ্গে বৈঠক করে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আনম এহছানুল হক মিলন এ পরিকল্পনার কথা জানান।

এসময় প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ উপস্থিত ছিলেন। তবে এসময় শিক্ষকরা প্রাথমিকে অনলাইন ক্লাস নেওয়া কষ্টসাধ্য বলে মন্ত্রীকে অবহিত করেন।

এসময় শিক্ষকরা বেশ কিছু চ্যালেঞ্জের কথা
জানান মন্ত্রীকে।

আলোচনাসভা সূত্রে জানা গেছে, প্রাথমিকভাবে
ছয় দিন ক্লাস রেখে এর মধ্যে জোড়-বিজোড়
মিলিয়ে তিন দিন অনলাইন এবং তিন দিন
সশরীরে পাঠদান করা হবে। অর্থাৎ শনিবার যদি
অনলাইন ক্লাস হয়, তাহলে রবিবার অফলাইন
ক্লাস হবে। এভাবে এক দিন অনলাইন ক্লাস হলে
তার পর দিন সশরীরে ক্লাসের পরিকল্পনা করা
হয়েছে।

মন্ত্রীর এমন পরিকল্পনা নিয়ে আলোচনার পর
শিক্ষকরা অনলাইন ক্লাসের নানা সীমাবদ্ধতার
কথা উল্লেখ করেন। তারা জানান, প্রাথমিকের
শিক্ষার্থীরা ডিভাইস ব্যবহার করতে জানে না।
অনেক পরিবারের পক্ষে শিশু শিক্ষার্থীদের
অনলাইন ক্লাসে যুক্ত করা সম্ভব হবে না। এসময়
শিক্ষকদের অনেকে শিক্ষা এবং প্রাথমিক ও
গণশিক্ষা মন্ত্রীর কাছে অনলাইন ক্লাসের
ডিভাইসের ব্যবস্থা করার দাবি জানান।

আজ মন্ত্রিপরিষদ বৈঠকে এ নিয়ে অনলাইন
ক্লাস নিয়ে সিদ্ধান্ত আসতে পারে বলে জানা

গেছে।